



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।

১৪৫২০

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/৬৭৫/১৮

তারিখ: ১৭/০৪/২০১৭খ্রিঃ

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১) নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/৩৫১১/৪; তারিখ: ২২/০৯/২০১৬খ্রিঃ  
২) নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০০২.৩৫.১৬-৭৫১(২); তারিখ: ১৪ আগস্ট ২০১৬খ্রিঃ  
৩) নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/১৯৪৬/৩; তারিখ: ১৮/০৫/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন পশ্চিম রামখানা একরামিয়া দাখিল মাদরাসার নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে বিভিন্ন অনিয়ম হয়েছে মর্মে কমিটির কতিপয় সদস্যগণ একতারা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনান্তে আনীত অভিযোগসমূহ সঠিক প্রমাণিত হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে সভাপতি ও সুপারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির সভাপতি কোন জবাব দাখিল করেননি বিধায় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার ক্ষেত্রে তার কোন বক্তব্য নেই মর্মে প্রতীয়মান হয়। এছাড়া মাদরাসার সুপার তার জবাবে বিদ্যমান কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৮৮৭/২/নথি নং- কুড়ি-১৬৭; তারিখ: ০৯/০৫/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো। প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো মাদরাসার সুপারকে প্রবিধান-৩৯ অনুযায়ী এডহক কমিটি গঠন পূর্বক বোর্ড হতে অনুমোদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৭.৫.১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: সুপার, পশ্চিম রামখানা একরামিয়া দাখিল মাদরাসা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/

তারিখ: /০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ আব্দুর রাজ্জাক/মোঃ ফজলে গং, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬৭৪৮৭৪